



ধাপ 1

50-71 বছর বয়সী সকল নারীরা প্রতি 3 বছরে একবার একটি চিঠি পাবেন ব্রেস্ট স্ক্রিনিংয়ের জন্য একটি অ্যাপয়েন্টমেন্টে অংশগ্রহণ করার জন্য। এই অ্যাপয়েন্টমেন্টটি যদি কোনো সুবিধাজনক দিন/সময়/স্থানে না হয়, তাহলে অনুগ্রহ করে ব্রেস্ট স্ক্রিনিং অফিসে 01282 805301 নম্বরে কল করুন এবং আমরা তা পরিবর্তন করে দেব।

ধাপ 2

অ্যাপয়েন্টমেন্ট লেটারটির পেছনে একটি প্রশ্নমালা আছে, অনুগ্রহ করে এটি পূরণ করুন এবং আপনার ব্রেস্ট স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টে আপনার সাথে নিয়ে আসুন।



ধাপ 3

বার্নলে জেনারেল হসপিটালের বেস ইউনিটে অথবা আমাদের মোবাইল ইউনিটে নারীদের ব্রেস্ট স্ক্রিনিং করা হবে যেটি এই এলাকার 9 টি ভিন্ন ভিন্ন স্থানে যায়।





ধাপ 4

বেস ইউনিট/মোবাইল ইউনিটে আসার পর একজন রিসেপশনিস্ট বা রেডিযোগ্রাফার আপনার তথ্য যাচাই করবেন।



ধাপ 5

আপনাকে ওয়েটিং এরিয়াতে আসন গ্রহণ করতে বলা হবে।



ধাপ 6

একজন নারী ম্যামোগ্রাফার ব্যাখ্যা করবেন ব্রেস্ট এক্স-রে (ম্যামোগ্রাম) কীভাবে করা হয়, এবং আপনাকে কোমর পর্যন্ত পোশাক খুলতে বলা হবে।



ধাপ 7

একজন নারী ম্যামোগ্রাফার ব্রেস্ট এক্স-রে (ম্যামোগ্রাম) গ্রহণ করবেন এবং এটি অস্বস্তিকর হতে পারে কিন্তু কেবল কয়েক সেকেন্ড স্থায়ী হয়।



ধাপ 8

দুইজন প্রশিক্ষিত ফিল্ম রিডার এক্স-রে পরীক্ষা করেন স্তনের কোষে কোনো পরিবর্তন আছে কি না তা দেখার জন্য।



ধাপ 9

নারীরা তাদের ক্লিনিঙের ফলাফল 2 সপ্তাহের মাঝে পেয়ে যাবেন।

East Lancashire Breast Screening Service

T: 01282 805301

E: breastscreening.elht@nhs.net

W: www.elht.nhs.uk/services/breast-imaging-screening-service

Facebook: [@EastLancashireBreastScreeningService](https://www.facebook.com/EastLancashireBreastScreeningService)